



হাদি হত্যা মামলায় ফয়সালের অবস্থান এখনও অজানা: অতিরিক্ত আইজিপি



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদিকে গুলি করার প্রধান অভিযুক্ত ফয়সাল ইসলামের ভারতে পালিয়ে যাওয়ার খবরটি প্রচার কৌশলও হতে পারে বলে জানিয়েছেন অতিরিক্ত আইজিপি খন্দকার রফিকুল ইসলাম। তিনি বলেন, ফয়সালের সর্বশেষ অবস্থান এখনো নিশ্চিত নয়, তবে বিষয়টি নিয়ে গোয়েন্দারা সক্রিয়ভাবে কাজ করছে।

রোববার (২১ ডিসেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে জরুরি সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। ডিবি'র অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম জানান, ঘটনার রাতেই অভিযুক্ত শনাক্ত হয় এবং গ্রেপ্তার অভিযান শুরু হয়। এ পর্যন্ত ১০ জনকে গ্রেপ্তার করা হয়েছে; মোটরসাইকেল ও আগ্নেয়াস্ত্রসহ আলামত উদ্ধার হয়েছে।

এদিকে, গুলিতে ব্যবহৃত মোটরসাইকেলের মালিক সন্দেহে গ্রেপ্তার আব্দুল হান্নান জামিন পেয়েছেন। ফয়সালকে পালাতে সহায়তার অভিযোগে সিবিয়ন দিও ও সঞ্জয় চিসিমের রিমান্ড আরও ৫ দিন বাড়ানো হয়েছে।

LENS ASIA